শেখ হাসিনার উদ্যোগ

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি
পোলঘাট, বাগেরহাট।

ফোন ঃ ০৪৬৮-৬৩৩৮৮ (অফিস/বাসা)
মোবাইল ঃ ০১৭৬৯-৪০০০১১
E-mail : bagerhatpbs@yahoo.com
Website: www.pbs.bagerhat.gov.bd

স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০০৮.২১. ১৫৪৩ তারিখ:- ১৫ চৈত্র, ১৪২৭ বাংলা / ২৯ মার্চ, ২০২১ খৃষ্টাব্দ

## বিষয়:-আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ঃ

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত মিটার টেস্টার গনের মধ্য থেকে পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সাদা কাগজে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

**পদের নাম:-মিটার টেস্টিং সুপারভাইজার।**

উল্লিখিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকা/সার্কুলারের আলোকে যোগ্যতা সম্পন্ন নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সম্বলিত স্বহস্তে লিখিত আবেদনপত্র আগামী ১৫/০৪/২০২১ খ্রি: তারিখ বৃহস্পতিবার সকাল ১০:০০ঘটিকার মধ্যে বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর, পোলঘাট, বাগেরহাট-এ স্বশরীরে উপস্থিত থাকিয়া নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

**প্রার্থীর যোগ্যতা:**

ক) প্রার্থীকে নূন্যতম ০৭ বছর মিটার টেস্টার হিসাবে সন্তোষজনক কাজের অভিজ্ঞতা থাকতে হবে ।
খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
গ) অধীনস্থ কর্মচারীদের নিয়ন্ত্রন ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।
ঘ) কাজের প্রতি আগ্রহী ও সামর্থ থাকতে হবে।
ঙ) এনার্জি মিটার মেরামত,রক্ষণাবেক্ষণ ও কারিগরী জ্ঞান থাকতে হবে।
চ) অবশ্যই কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে।
ছ) সর্বশেষ ০৩(তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে।
জ) প্রার্থীকে পদোন্নতির জন্য অবশ্যই সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর turms and condition পূরণ করতে হবে ।

**শর্তাবলী:-**

১। আবেদনকারীর নিজের নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা , জন্ম তারিখ, ধর্ম, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ,বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণের তারিখ ইত্যাদি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশসহ স্বহস্তে লিখিত আবেদনপত্র সংগে আনতে হবে ।

২। আবেদন পত্রে নিম্নোক্ত কাগজ পত্র/দলিলাদি (মানব সম্পদ/প্রশাসন)কর্তৃক সত্যায়িতপূর্বক সংযুক্ত করতে হবে।
ক) সাম্প্রতিক তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি ।
খ) বিগত ০৩(তিন) বছরের (সর্বশেষ তিন বছরের) বার্ষিক কর্মমূল্যয়ণ প্রতিবেদনের সত্যায়িত ফটোকপি ।
গ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি ।
ঘ) সংশ্লিষ্ট পবিস নির্দেশিকা অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফল শীটের সত্যায়িত ফটোকপি ।
ঙ) জেনারেল ম্যানেজার এর সুপারিশ, বিনা আপত্তির সনদপত্র এবং বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে বা না থাকে) উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র ।

৩। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে । তবে অত্র পবিসের ভৌগলিক এলাকার ( বাগেরহাট জেলার সদর, চিতলমারী, মোল্লাহাট,কচুয়া,রামপাল,ফকিরহাট ও মংলা উপজেলা এবং খুলনা জেলার রূপসা উপজেলার ঘাটভোগ, নৈহাটী,টিএস বাহিরদিয়া, শ্রীফলতলা ও আইজগাতী ইউনিয়ন এবং তেরখাদা উপজেলার ছাগলাদহ এবং সাচিয়াদহ ইউনিয়ন)স্থায়ী বাসিন্দাদের আবেদন করা প্রয়োজন নেই ।

৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বছরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরী নিয়মিত করা হবে । অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরত অথবা নির্দেশিকা অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে ।

০৫। চলতি দায়িত্বে থাকাকালীন সময়ে পূর্ব পদের অর্থাৎ মিটার টেষ্টার-এর সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ও ভাতাদি প্রদান করা হবে।

০৬। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ এবং ৩০০-১৭ অনুযায়ী মূল বেতন সংরক্ষণ করা হবে ।

০৭। বিগত ০৫(পাঁচ) বৎসরে পদাবনতি/বিগত ০১(এক) বৎসরের মধ্যে কোন লঘুদন্ড/বিগত ০৩(তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্য হলে তাদের আবেদন করার প্রয়োজন নেই ।

০৮। কোন প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয় বা ফৌজদারী মামলার কার্যধারা চলমান থাকিলে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই ।

০৯। কোন প্রার্থীর বিরুদ্ধে কোন বিভাগীয় বা তদন্ত চলমান/শৃঙ্খলাজনিত কোন অভিযোগ রয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই ।

১০। তথ্য গোপন করে যদি কেহ নিয়োগপ্রাপ্ত হন, তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা এলাকা পরিচালক এবং সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কিত কেউ আবেদন করতে পারবেন না।

১২। সাক্ষাৎকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি ১৯৯২,(সংশোধিত-২০১২ ইং) এর ধারা ৭,১৪,ও ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

১৪। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১৫। যে কোন আবেদনপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃক সংরক্ষিত।

১৬। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (সদয় অবগতি ও বহুল প্রচারের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল) ।

০১। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর,বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্য: পঃ (প: অ:) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার--------------------- পবিস -১/২/৩।
০৪। ডিজিএম,ফকিরহাট/রামপাল জোনাল অফিস, বাপবিস।
০৫। এজিএম(ওএন্ডএম)মোল্লাহাট/চিতলমারী/কচুয়া/রূপসা সাব জোনাল অফিস,বাপবিস।
০৬। এজিএম(অর্থ/ওএন্ডএম/সঃসেবা),বাগেরহাট পবিস।
০৭। নোটিশ বোর্ড/ওয়েব সাইডে প্রেরণ।
০৮। অফিস কপি/ মাস্টার কপি ।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার